

# এমপিওভুক্তির ঘোষণা আজ

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

২৩ অক্টোবর ২০১৯, ০৯:১২  
আপডেট: ২৩ অক্টোবর ২০১৯, ০৯:৩৮




সরকার

৯ বছর পর বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত হতে  
যাচ্ছে। গণভবনে আজ বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা  
এমপিওভুক্তির ঘোষণা দেবেন। তবে এমপিওভুক্তির  
সিদ্ধান্ত কার্যকর হবে গত জুলাই থেকে।

রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা  
ইনস্টিউটে গতকাল মঙ্গলবার সাংবাদিকদের সঙ্গে  
মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী দীপু মনি এ তথ্য জানান।

তবে কতগুলো শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত হচ্ছে, তা সুনির্দিষ্ট করে বলেননি তিনি। তিনি বলেছেন, সর্বশেষ যতগুলো  
শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হয়েছিল, তার প্রায় দিশুণ প্রতিষ্ঠান এবার এমপিওভুক্ত হচ্ছে।

সর্বশেষ ২০১০ সালে ১ হাজার ৬২৪টি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হয়েছিল। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, এবার  
২ হাজার ৭০০ থেকে ২ হাজার ৮০০-এর কাছাকাছি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির জন্য চূড়ান্ত করা হয়েছে। এর মধ্যে  
১ হাজার ৬৫০-এর মতো বিদ্যালয় ও কলেজ রয়েছে।



এমপিওভুক্তির দাবিতে ২০১০ সালের পর থেকেই থেমে থেমে আন্দোলন করে আসছেন এমপিওভুক্ত নয়, এমন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা।

এদিকে এমপিওভুক্তির নতুন নীতিমালা বাতিল করে পুরোনো নিয়মে স্বীকৃতি পাওয়া সব বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্তির দাবিতে এক সপ্তাহ ধরে জাতীয় প্রেসক্লাবের সামনে আন্দোলন করছিলেন শিক্ষক-কর্মচারীরা। তবে গতকাল রাতে শিক্ষামন্ত্রীর সঙ্গে শিক্ষক নেতাদের বৈঠকের পর কর্মসূচি স্থগিত করেন তাঁরা। পরে তাদের পানি পান করিয়ে অনশ্বন ভাঙ্গান মন্ত্রী।

মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের জ্যেষ্ঠ সচিব মো. সোহরাব হোসাইন প্রমুখ।